

বি এম বিড়লায়

বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষার সুযোগ এবার

সংবাদদাতা : চিকিৎসক ও তাদের পরিবারকে স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে কিছু বিশেষ ছাড়-সহ বছরে একবার বিনামূল্যে 'হেল্থ চেকআপ'-এর ব্যবস্থা করল বি এম বিড়লা হার্ট রিসার্চ সেন্টার। সম্প্রতি হাসপাতালের উদ্যোগে আয়োজিত 'ডক্টরস ডে'-তে প্রকাশ করা হল প্রিভিলেজ কার্ড। ওই দিনে কার্ডটির আনুষ্ঠানিক প্রকাশ হলেও ভবিষ্যতে বি এম বিড়লা হার্ট রিসার্চ সেন্টার-এর সঙ্গে যুক্ত চিকিৎসকদের এবং বাইরের চিকিৎসকদের এই প্রিভিলেজ কার্ডটি দেওয়া হবে। মূলত কার্ডিওলজিস্ট ও কার্ডিও সার্জেনদের প্রিভিলেজ কার্ডটি দেওয়া হবে। একই দিনে বি এম বিড়লা হার্ট রিসার্চ সেন্টারের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে বিশিষ্ট কার্ডিওলজিস্ট ডাঃ ডি এস চোপড়াকে সংবর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হাসপাতালের পরিচালন সমিতির সভাপতি এম এল পাচশিয়া ও সিওও সুরেশ বোরার।